**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

**ঢাকা, বৃহস্পতিবার ৬ অক্টোবর ২০১৬, ২১ আশ্বিন ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১।	সবার আগে জনগণের কল্যাণের কথা চিন্তা করুন : প্রধানমন্ত্রী

২।	১০ টাকার চাল বিতরণে অনিয়ম হলে ব্যবস্থা : জাতীয় সংসদে প্রধানমন্ত্রী

৩।	দেশে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখতে রাষ্ট্রপতির আহ্বান

৪।	সরকারি ক্রয় সংক্রান্ত কমিটিতে ৪টি প্রস্তাব অনুমোদন

৫।	বগুড়ায় ২ জঙ্গির আত্মসমর্পণ

৬।	মন্ত্রীদের জন্য অ্যাপার্টমেন্ট হচ্ছে

৭।	সংবিধান নিয়ে অশোভন মন্তব্য করলে এনজিওর নিবন্ধন বাতিল : জাতীয় সংসদে বিল পাস

৮।	বাংলাদেশ-ভারত বৈঠকে জ্বালানি খাতে আন্তঃসহযোগিতা বৃদ্ধির উদ্যোগ

৯।	ডট বাংলা ডোমেইন চূড়ান্ত বরাদ্দ পেল বাংলাদেশ

১০।	আগামী এক বছরের জন্য এশিয়া-প্যাসিফিক সুপার হাইওয়ের চেয়ারম্যান বাংলাদেশ

১১।	শারদীয় দুর্গা উৎসব শুরু আগামীকাল

১২।	কলেজছাত্রী খাদিজার অবস্থা অপরিবর্তিত
	: গ্রেফতারকৃত ছাত্র বদরুলের স্বীকারোক্তিমূলক জবানবন্দি

১৩।	ছয় জেলায় সড়ক দুর্ঘটনায় নিহত ১৬

চলমান পাতা-২

**১। সবার আগে জনগণের কল্যাণের কথা চিন্তা করুন : প্রধানমন্ত্রী**

সবার আগে দেশের জনগণের কল্যাণের কথা চিন্তা করা ও টেকসই উন্নয়নের লক্ষ্য অর্জনে দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়নের জন্য সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, আমি সবার আগে জনগণের কল্যাণের কথাই সবাইকে চিন্তা করতে বলব। আমরা তাদেরকে কতটুকু দিতে পারছি, দেশের কতটুকু উন্নয়ন করতে পারছি, দেশকে কতটুকু মর্যাদার আসনে নিয়ে যেতে পারছি, সে পর্যালোচনা আমাদের করতে হবে। গতকাল ৫ অক্টোবর বুধবার তেজগাঁওস্থ প্রধানমন্ত্রীর কার্যালয়ে 'ন্যাশনাল স্কিল ডেভেপলমেন্ট কাউন্সিলের' ৪র্থ বৈঠকের প্রারম্ভিক বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **যুগান্তর** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।
**জনকণ্ঠ** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২। ১০ টাকার চাল বিতরণে অনিয়ম হলে ব্যবস্থা : জাতীয় সংসদে প্রধানমন্ত্রী**

হতদরিদ্রদের জন্য ১০ টাকা কেজি মূল্যের চাল বিতরণ কর্মসূচি অব্যাহত রাখার ঘোষণা দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, এই চাল বিতরণে কোনো অনিয়ম হলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। গতকাল ৫ অক্টোবর বুধবার সংসদে এক সম্পূরক প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। এর আগে স্পিকার ড. শিরীন শারমীন চৌধুরীর সভাপতিত্বে দিনের কার্যসূচি শুরু হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, গ্রাম পর্যায়ে হতদরিদ্রদের মাঝে ১০ টাকা কেজি দরে চাল বিক্রির কার্যক্রম দীর্ঘদিন ধরে অব্যাহত রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। যত দিন মানুষের প্রয়োজন থাকবে তত দিন আমরা এই খাদ্য দিতে পারব। তবে আমি বিশ্বাস করি, বাংলাদেশের আর্থিক সক্ষমতা বাড়ছে। দারিদ্র্যের হার হ্রাস পেয়েছে। কাজেই হয়তো অদূর ভবিষ্যতে কাউকে সাহায্য দিতে হবে না। তবে যারা প্রতিবন্ধি, যারা একেবারে বয়োবৃদ্ধ, কর্মক্ষম নয় তাদের আমরা এই সাহায্য দিয়ে যাব। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.২)। **ডেইলি সান** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে। **যুগান্তর, সংবাদ, যায়যায়দিন, ইন্ডিপেনডেন্ট** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**৩। দেশে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখতে রাষ্ট্রপতির আহ্বান**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, সাম্প্রদায়িক সম্প্রীতি হচ্ছে বাংলাদেশের সবচেয়ে বড় ঐতিহ্য। দেশের এই ঐতিহ্য যাতে কেউ নষ্ট করতে না পারে, এ জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালাতে ধর্ম, বর্ণ নির্বিশেষে সকলের প্রতি তিনি আহ্বান জানান। রাষ্ট্রপতির প্রেস সচিব মো. জয়নাল আবেদীন জানান, বৌদ্ধ ধর্ম কল্যাণ ট্রাস্টের ট্রাস্টিসহ ৮ সদস্যের একটি প্রতিনিধি দল গতকাল ৫ অক্টোবর বুধবার বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাতকালে তিনি একথা বলেন। ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমানের নেতৃত্বে প্রতিনিধি দলটি বৈঠকে ট্রাস্টের একটি প্রতিবেদন রাষ্ট্রপতির কাছে হস্তান্তর করেন এবং ট্রাস্টের কর্মকান্ড সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৩), **সমকাল** (পৃ.৪,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.৭)।

**৪। সরকারি ক্রয় সংক্রান্ত কমিটিতে ৪টি প্রস্তাব অনুমোদন**

সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে চারটি ক্রয় প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। গতকাল ৫ অক্টোবর বুধবার সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগে কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরীর সভাপতিত্বে বৈঠকটি অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব মোস্তাফিজুর রহমান এ তথ্য জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৮), **প্রথম আলো** (পৃ.১২,ক.৪), **অবজারভার** (পৃ.১৭,ক.২), **নিউ নেশন** (পৃ.১৩,ক.১)।

**৫। বগুড়ায় ২ জঙ্গির আত্মসমর্পণ**

যশোরে তিন জঙ্গির আত্মসমর্পণের পর এবার বগুড়ায় গুলশানের ঘটনায় নিহত পায়েলের সহযোগী বগুড়ার আবদুল হাকিম (২২) ও গাইবান্ধার মাহমুদুল হাসান ওরফে বিজয় (১৭) নামে দুই জঙ্গি র‍্যাবের কাছে আত্মসমর্পণ করেছে। গতকাল ৫ অক্টোবর বুধবার স্থানীয় শহীদ টিটু মিলনায়তনে র‍্যাব-১২ এর আয়োজিত সন্ত্রাস ও জঙ্গিবাদবিরোধী সমাবেশে স্বরাষ্ট্রমন্ত্রী মো. আসাদুজ্জামান খান কামাল এমপির উপস্থিতিতে তারা র‍্যাবের কাছে আত্মসমর্পণ করে। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ইসলামের ভুল ব্যাখ্যা দিয়ে কিছু লোক

তরুণদের বিপথগামী করছে। তাদের দিয়ে দেশের বিভিন্ন স্থানে হত্যাকান্ড ঘটানো হয়েছে। আমরা জঙ্গিদের ধরে আইনের আওতায় আনছি। যারা বিপথে আছেন তাদের স্বাভাবিক জীবনে ফিরে আসার সুযোগ দেওয়া হয়েছে। আমাদের ডাকে ইতোমধ্যে আত্মসমর্পণ শুরু হয়েছে। অনেকে আমাদের সঙ্গে যোগাযোগ করছেন। তারাও আত্মসমর্পণ করবে। আমরা তাদের স্বাভাবিক জীবনে ফিরতে আইন অনুযায়ী সব সুযোগ দেব। এ ডাকে যারা সাড়া না দিবে তাদের নির্মূল করা হবে বলে জানান মন্ত্রী। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **যুগান্তর** (পৃ.১,ক.১), **নিউ এজ** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৮)। **জনকণ্ঠ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৬। মন্ত্রীদের জন্য অ্যাপার্টমেন্ট হচ্ছে**

দশ জন মন্ত্রীর জন্য বেইলী রোডে নতুন একটি অ্যাপার্টমেন্ট ভবন নির্মাণ করা হচ্ছে বলে জানিয়েছেন গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন। তিনি বলেন, ছয়তলা এ ভবনে ১০ জন মন্ত্রী বসবাস করতে পারবেন। প্রতিটি ফ্ল্যাটের আয়তন হবে ২২৪৮ বর্গফুট। এ ভবন নির্মাণে ব্যয় ধরা হয়েছে ৪৭ কোটি ৭৫ লাখ টাকা। গতকাল ৫ অক্টোবর বুধবার বেইলী রোডে 'মিনিস্টার্স অ্যাপার্টমেন্ট' নামে এ ভবনের নির্মাণ কাজের উদ্বোধন করেন তিনি। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.৮), **অবজারভার** (পৃ.৪,ক.৪), **নিউ নেশন** (পৃ.৩,ক.৮)।

**৭। সংবিধান নিয়ে অশোভন মন্তব্য করলে এনজিওর নিবন্ধন বাতিল : জাতীয় সংসদে বিল পাস**

বেসরকারি উন্নয়ন সংস্থার ওপর নিয়ন্ত্রণ আরোপের বিধান রেখে 'বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন বিল-২০১৬' কণ্ঠভোটে পাস হয়েছে। পাসকৃত বিলে কোনো এনজিও বা এনজিও কর্মকর্তা সংবিধান বা সাংবিধানিক প্রতিষ্ঠান নিয়ে অশোভন মন্তব্য করলে নিবন্ধন বাতিলসহ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের বিধান রাখা হয়েছে। কোনো এনজিও তাদের মোট ব্যয়ের ২০ ভাগের বেশি প্রশাসনিক ব্যয় করতে পারবে না বলেও সুনির্দিষ্ট বিধান সংযোজন করা হয়েছে। গতকাল ৫ অক্টোবর বুধবার জাতীয় সংসদের অধিবেশনে বিলটি পাসের প্রস্তাব উত্থাপন করেন সংসদকার্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৬), **নিউ এজ** (পৃ.১,ক.৪)।

**৮। বাংলাদেশ-ভারত বৈঠকে জ্বালানি খাতে আন্তঃসহযোগিতা বৃদ্ধির উদ্যোগ**

ভারতের নয়াদিল্লিতে দেশটির পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে বাংলাদেশের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের দ্বিপক্ষীয় বৈঠকে জ্বালানি খাতে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির উদ্যোগ নেওয়া হয়েছে। বৈঠকে বাংলাদেশের পক্ষে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু এবং ভারতের পক্ষে দেশটির পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস বিষয়ক প্রতিমন্ত্রী ধর্মেন্দ্র প্রধান নেতৃত্ব দেন। এ সময় উভয় দেশের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বৈঠকে ত্রিপুরা থেকে গ্যাস আমদানি, ওএনজিসির সার্ভে ও ড্রিলিং, মায়ানমার হতে গ্যাস আমদানিতে চারদেশীয় কনসোর্টিয়াম, টাপি, ইন্ডিয়ান ওয়েল কোম্পানি হতে এলএনজি সরবরাহ, পেট্রোনেট ও পেট্রোবাংলা যৌথভাবে এলএনজি রি-গ্যাসিফিকেশন ইউনিট (আর-এলএনজি টার্মিনাল) স্থাপন, বিপিসি ও এনএলএল-এর মধ্যে ক্রয়-বিক্রয় চুক্তির বিষয়সমূহ চূড়ান্তকরণ, বাংলাদেশে জ্বালানি খাতের প্রশিক্ষণ ও দক্ষ জনবল ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **ইনকিলাব** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২)।

**৯। ডট বাংলা ডোমেইন চূড়ান্ত বরাদ্দ পেল বাংলাদেশ**

ডট বাংলা ডোমেইন চূড়ান্ত বরাদ্দ পেয়েছে বাংলাদেশ। গতকাল ৫ অক্টোবর বুধবার ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম তার ফেসবুক পেইজে এ তথ্য জানান। তিনি বলেন, ইন্টারনেট কর্পোরেশন অব অ্যাসাইন্ড নেমস এণ্ড নাম্বার বোর্ড সভায় বাংলাদেশকে বরাদ্দ দেওয়া হয়েছে। ইন্টারন্যাশনাল ডোমেইন নেম একটি ইন্টারনেট ডোমেইন নেম সিস্টেম, যা ওয়েব ঠিকানা লিখতে প্রচলিত ইংরেজি ভাষা ছাড়া অন্যান্য ভাষা সমর্থন করে। বাংলাদেশের পাশাপাশি ভারত সরকারের মাধ্যমে পশ্চিমবঙ্গ এবং সিয়েরা লিওনও বাংলার জন্য আবেদন করেছিল।

ডট বাংলা ডোমেইন চালুর ফলে ইন্টারনেটে বাংলা ভাষাভাষী মানুষ মাতৃভাষায় ইন্টারনেটে প্রবেশ ও ব্যবহার করতে পারবে। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১২,ক.২)।

**১০। আগামী এক বছরের জন্য এশিয়া-প্যাসিফিক সুপার হাইওয়ের চেয়ারম্যান বাংলাদেশ**

বাংলাদেশ আগামী এক বছরের জন্য এশিয়া-প্যাসিফিক ইনফরমেশন সুপার চেয়ারম্যান নির্বাচিত হয়েছে। গত ৪ অক্টোবর মঙ্গলবার ব্যাংককে জাতিসংঘের ইকোনমিক অ্যান্ড সোশ্যাল কমিশন ফর এশিয়া অ্যান্ড প্যাসিফিক দেশগুলোর উচ্চ পর্যায়ের বৈঠকে এ পদে বাংলাদেশের প্রতি সমর্থন জানানো হয়। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। ব্যাংককে ইউএন-এসকাপ ও ইন্টারনেট সোসাইটির উদ্যোগে 'ইন্টারনেট অব অপরচুনিটি ইন দ্য এশিয়া প্যাসিফিক' শীর্ষক এ বৈঠকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক উপস্থিত ছিলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **যুগান্তর** (পৃ.১৬,ক.৬), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৭), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

**১১। শারদীয় দুর্গা উৎসব শুরু আগামীকাল**

বিপুল উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে আগামীকাল ৭ অক্টোবর শুক্রবার হিন্দু সম্প্রদায়ের প্রধান ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা আনুষ্ঠানিকভাবে শুরু হবে। ১১ অক্টোবর দশমীতে প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে শেষ হবে এ উৎসব। সারা দেশে এবার ২৯ হাজার ৩৯৫টি মণ্ডপে দুর্গাপূজা অনুষ্ঠিত হচ্ছে। পূজা উপলক্ষে কঠোর নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে বলে জানিয়েছেন ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার মো.আছাদুজ্জামান মিয়া। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **সমকাল** (পৃ.১৯,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

**১২। কলেজছাত্রী খাদিজার অবস্থা অপরিবর্তিত : গ্রেফতারকৃত ছাত্র বদরুলের স্বীকারোক্তিমূলক জবানবন্দি**

হামলাকারী বদরুল আলমের চাপাতির কোপে মারাত্মক আহত কলেজছাত্রী খাদিজা বেগম নার্গিসের অবস্থা অপরিবর্তিত রয়েছে। গত ৪ অক্টোবর মঙ্গলবার স্কয়ার হাসপাতালে খাদিজার মাথায় অস্ত্রোপচার চালানো হয়। কলেজছাত্রী খাদিজা বেগম নার্গিসকে কুপিয়ে হত্যার প্রচেষ্টা মামলায় গ্রেফতারকৃত বদরুল আলম আদালতে ১৬৪ ধারায় স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছে। গতকাল ৫ অক্টোবর বুধবার সিলেটের অতিরিক্ত মহানগর মুখ্য হাকিম শারাবান তহুরা তার জবানবন্দি নেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)। **ইত্তেফাক, যুগান্তর, সমকাল, ভোরের কাগজ, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, নিউ এজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১৩। ছয় জেলায় সড়ক দুর্ঘটনায় নিহত ১৬**

ছয় জেলায় সড়ক দুর্ঘটনায় ১৬ জন নিহত হয়েছেন। এর মধ্যে টাঙ্গাইলে চার, সুনামগঞ্জে তিন, বগুড়ায় ছয়, মৌলভীবাজারে এক, সিরাজগঞ্জে এক ও যশোরে একজন নিহত হয়েছেন। গতকাল ৫ অক্টোবর বুধবার এসব দুর্ঘটনা ঘটে। সূত্র-**যায়যায়দিন** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.৩)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এবং ইউনেস্কোর দেশের ১৮টি উপজেলার ১৮০০টি শিক্ষাপ্রতিষ্ঠানের ওপর চালিত সমীক্ষার রিপোর্ট অনুযায়ী দুর্যোগপীড়িত এলাকার অবকাঠামোর জন্য বিশেষ বরাদ্দ রাখাসহ সেই অবকাঠামো নিয়মিত সংস্কার করে ব্যবহারযোগ্য রাখার ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ, যুগান্তর, সমকাল, প্রথম আলো, ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট, নিউ এজ, ডেইলি স্টার :** সিলেট সরকারি মহিলা কলেজের ছাত্রী খাদিজা হত্যা প্রচেষ্টা ঘটনার সুষ্ঠু বিচার ও শাস্তি নিশ্চিত করার প্রত্যাশা।

গ. **জনকণ্ঠ, ইনকিলাব :** ইলিশ মাছ সংরক্ষণে উপকূলীয় অঞ্চলে প্রয়োজনীয় সংখ্যক হিমাগার স্থাপন করার ডিমওয়ালা ইলিশ ও জাটকা সংরক্ষণে গৃহীত সরকারি উদ্যোগগুলো আরো কার্যকরভাবে প্রয়োগের সুপারিশ।

ঘ. **প্রথম আলো :** রাজধানীর মহাখালীর জাতীয় ক্যানসার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতলের দুর্দশার চিত্র তুলে ধরে অব্যবস্থাপনা দূর করতে দ্রুত পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ঙ. **সমকাল :** ঢাক-চট্টগ্রাম মহাসড়কে অতিরিক্ত পণ্যবাহী যান চলাচল নিয়ন্ত্রণে কঠোর আইনি ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

চ. **যুগান্তর :** দেশের উন্নয়ন ও অগ্রগতি নিশ্চিত করতে প্রয়োজনীয় সংখ্যক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণে সরকার কার্যকর পদক্ষেপ নেবে বলে প্রত্যাশা।

ছ. **ডেইলি সান :** আত্মসমর্পণকৃত জেএমবি সদস্যদের স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনার পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

জ. **নিউজ টুডে :** নৌদুর্ঘটনা প্রতিরোধে ফিটনেসবিহিন নৌযান চলাচলে নিষেধাজ্ঞা কঠোরভাবে প্রয়োগেরআহ্বান।

ঝ. **নিউ এজ :** বাংলাদেশ-ভারত সীমান্তে 'জিরো' লাইনে ভারতের বেড়া নির্মাণের সিদ্ধান্তকে বাংলাদেশের সমর্থন না করার সুপারিশ।

ঞ. **ডেইলি স্টার :** চট্টগ্রামে চিকিৎসক দম্পত্তির নবজাতককে মৃত ঘোষণা করে ডেথ সার্টিফিকেট দেওয়ার ঘটনা তুলে ধরে ঘটনায় জড়িতদের বিরুদ্ধে কাজে অবহেলার দায়ে যথাযথ আইনি ব্যবস্থা নেওয়ার প্রত্যাশা।

ট. **ফিনানশিয়াল এক্সপ্রেস, জনকণ্ঠ :** দারিদ্র্য বিমোচনে বাংলাদেশের সাফল্যের ধারাবাহিকতাকে এগিয়ে নিতে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাওয়ার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে দেশের অর্থনৈতিক উন্নয়নে মাঠ প্রশাসন সংশ্লিষ্ট কর্মকর্তাদের উদ্ভাবনী শক্তি ও সৃজনশীল উদ্যোগের বাস্তবায়নে সহায়তা করা বিশেষ তাৎপর্যপূর্ণ বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'চাই শিশুদের নিরাপদ পরিবেশ'** শিরোনামের নিবন্ধে স্বপনা রেজা এদেশের শিশুরা যদি নিরাপদে না থাকে তাহলে সব ধরনের অর্থনৈতিক উন্নয়ন প্রবৃদ্ধি কোনোই কাজে আসবে না বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/মরজিনা/রশীদ/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা